

Second FBO Constituency Meeting 2017(HBCOP)

তারিখ: ১৬.০৬.১৭

গ্লোবাল ফাণ্ড ১৪০টি দেশে টিবি, ম্যালেরিয়া ও এইচ আই ভি/এইডস প্রতিরোধ ও নির্মূলে আর্থিক সহযোগিতা দিয়ে থাকে।


বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয় Bangladesh Country Co-ordinating Mechanism (BCCM) এর মাধ্যমে গ্লোবাল ফাণ্ড থেকে প্রাপ্ত অনুদানের সঠিক ব্যবস্থাপনা তদারকীর কাজ করে থাকে।


সরকারী ও বেসরকারী মিলিয়ে BCCM এর সদস্য সংখ্যা ৩৩, বিকল্প সদস্য সংখ্যাও ৩৩ জন।

Faith Based Organization গ্লোবাল ফাণ্ড এর নির্দেশিকা অনুযায়ী BCCM এর অন্যতম constituency. বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ ২০১৪ইং থেকে এ constituency এর প্রতিনিধিত্ব করছে। বর্তমানে শ্রী দেবাশিস নাগ, উপদেষ্টা ও শ্রী মিলন কান্তি দত্ত, প্রেডিয়াম সদস্য, যথাক্রমে সদস্য ও বিকল্প সদস্য হিসেবে BCCM এ ঐক্য পরিষদ প্রতিনিধিত্ব করছেন। সম্পূর্ণ স্বেচ্ছাসেবী মনোভাব নিয়েই এ দায়িত্বটি পালন করতে হয়। BCCM এর সকল সদস্যই অনুরূপভাবে দায়িত্ব পালন করেন। ঐক্য পরিষদের মনোনীত বর্তমান সদস্য ও বিকল্প সদস্য ২০১৬ থেকে ৩ বছরের জন্যে দায়িত্ব পালন করবেন। এছাড়াও BCCM এর বিকল্প সদস্য শ্রী মিলন কান্তি দত্ত BCCM এর Oversight Committee ও Procurement Committee অন্যতম সদস্য হিসেবে ৩ বছরের জন্য মনোনীত হয়েছেন।

ঐক্য পরিষদের ২৮.০৩.২০১৭ তারিখের FBO Constituency Meeting এর সিদ্ধান্ত মোতাবেক সমাজের সুবিধা বঞ্চিত গোষ্ঠী বিশেষ করে আদিবাসী, হরিজন ও চা শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে BCCM কে অনুরোধ করে, যা BCCM এর ৯০তম সভায় উপস্থাপিত হয়েছে।

এ মুহূর্তে দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা অনগ্রসর জনগোষ্ঠী যারা টিবি, ম্যালেরিয়া ও এইচ আই ভি/এইডস রোগে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত আছে তাদের চিহ্নিত করা প্রয়োজন যাতে BCCM কে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করা যায়।


শ্রী দেবাশিস নাগ
সদস্য
BCCM


শ্রী মিলন কান্তি দত্ত
বিকল্প সদস্য
BCCM